ঝিনাইদহে শেখ কামাল আন্ত:স্কুল ও মাদরাসা অ্যাথলেটিক্স প্রতিযোগিতা অনুষ্ঠিত

ঝিনাইদহে দিনব্যাপী জেলা পর্যায়ের শেখ কামাল আন্তঃ স্কুল ও মাদরাসা অ্যাথলেটিকস প্রতিযোগিতা শুরু হয়েছে।

সোমবার ঝিনাইদহ বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে প্রতিযোগীতার উদ্বোধন করেন ঝিনাইদহ ১ আসনের সংসদ সদস্য ও সাবেক প্রতিমন্ত্রী আব্দুল হাই।

জেলা ক্রীড়া সংস্থার সভাপতি ও জেলা প্রশাসক মনিরা বেগমের সভাপতিত্বে বক্তব্য রাখেন সাবেক ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল, সাবেক মেয়র সাইদুল করিম মিন্টু, স্থানীয় সরকারের উপপরিচালক মোঃ ইয়ারুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রথীন্দ্র নাথ রায়, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) রাজীবুল ইসলাম খান, সদর উপজেলা নির্বাহী অফিসার সাদিয়া জেরিন ও সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শারমিন আক্তার সুমী।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের শপথ পাঠ করানো হয়। পরে শুরু হয় বিভিন্ন ইভেন্টের প্রতিযোগিতা। দিনভর এই প্রতিযোগিতায় ৩৩ টি ইভেন্টে জেলার ৬ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৬০০ শিক্ষার্থী অংশ গ্রহন করে। বিকেলে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

জীবনের লক্ষ্য স্থির করে সামনের দিকে এগিয়ে যেতে

হবে,সফলতা আসবেই সংসদ সদস্য চঞ্চল

জীবনের লক্ষ্য স্থির করে, সামনের দিকে এগিয়ে যেতে হবে একদিন সফলতা আসবেই। রবিবার কোটচাঁদপুর বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতিকে সংবধনা ও নতুন ভবন উদ্ভোধন অনুষ্ঠানে বিদ্যালয়ের ছাত্রীদের উদ্যেশে এ কথা বলেন, ঝিনাইদহ ৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল।

প্রধান শিক্ষক ইছাহক আলীর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইসচেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক ,উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অশোক সরকার,কোটচাঁদপুর আওয়ামীলীগের সহ-সভাপতি ফারজেল হোসেন মন্ডল, সিনিয়ার সহ-সভাপতি নূরুল ইসলাম খান বাবলু, সহ সভাপতি মোঃ লুৎফর রহমান,বীর মুক্তিযোদ্ধা ও সাবেক কমান্ডার তাজুল ইসলাম, ,বীর মুক্তিযোদ্ধা ওসমা গণি, বিদ্যালয়ের অভিভাবক সদস্য মোমেন আল আরাফাত,মঈদ উদ্দিন খান,মফিজুর রহমান, সাইফুর রহমান, রিপনা খাতুন,রবিউল ইসলাম,আবু রাসেল,নাসরিন আক্তার।

এর আগে তিনি বিদ্যালয়ের নবীন ছাত্রীদের ফুল দিয়ে বরন করে নেন। ।

এ সময় তিনি ওই বিদ্যালয়ের নতুন ভবনের উদ্ভোধন করেন। অনুষ্ঠান শেষে বিদ্যালয়ের ছাত্রীদের সাংস্কৃতিক অনুষ্ঠান ও বার্ষিক ক্রীড়া প্রতিযোগীতায় বিজয়িদের হাতে পুরস্কার তুলে দেন ।

পূর্বশত্রুতার জেরে হরিণাকুণ্ডুতে এক ব্যক্তিকে কুপিয়ে জখম করেছে দূর্বৃত্তরা

পরকিয়ার কারণে পূর্বশত্রুতার জেরে ঝিনাইদহ জেলার হরিণাকুণ্ডুতে

মোঃ ইদ্রিস আলী (৩৬) নামে একব্যক্তিকে কুপিয়ে জখম করেছে দুর্বৃত্তরা।

গতকাল শনিবার দিবাগত রাত আনুমানিক ২টার দিকে উপজেলার দৌলতপুর ইউনিয়নের রামচন্দ্রপুর (কাদিখালী) গ্রামে এই ঘটনা ঘটে। ভিকটিম মোঃ ইদ্রিস আলী একই গ্রামের মস্তোফা কামালের ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, ইদ্রিস আলী নিজ বাড়ির বারান্দায় ঘুমিয়েছিল। ঘুমিয়ে থাকাকালীন রাত দুইটার দিকে কে বা কাহারা ধারালো দা দিয়ে তার মাথায় এবং কপালে উপর্যুপরি কুপিয়ে গুরুতর রক্তাক্ত জখম করে পালিয়ে যায়। তাৎক্ষণিক ভাবে পরিবারের লোকজন গুরুতর আহত ইদ্রিসকে হরিণাকুন্ডু হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তার শারীরিক অবস্থার অবনতি হওয়ায উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন।

গোপন অনুসন্ধানে জানা যায় ভিকটিম ইদ্রিস আলীর বিরুদ্ধে গ্রামের একাধিক মহিলার সাথে পরকীয়ায লিপ্ত থাকার অভিযোগ রয়েছে। পরকীয়ার জের ধরে এই ঘটনার সূত্রপাত হতে পারে বলে ধারণা করা হচ্ছে।

এবিষয়ে হরিণাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ সাইফুল ইসলাম জানান, হরিণাকুন্ডু থানার ৪নং দৌলতপুর ইউনিয়নের রামচন্দ্রপুর গ্রামে গতরাত ২টার দিকে মস্তোফা কামালের ছেলে মোঃ ইদ্রিস আলীকে কে বা কারা কুপিয়ে জখম করে পালিয়ে গেছে, এঅবস্থায় আমাদের নিকট জানানোর পর আমরা দ্রুত পদক্ষেপ নিয়ে মামলা নিয়েছি, আসামী গ্রেপ্তারের চেষ্টা চলছে।

তিনি আরও বলেন যতটুকু জানা গেছে তাতে মনে হয়েছে কোন নারী ঘটিত ব্যাপার এর পিছনে জড়িত থাকতে পারে, আমরা সবকিছুই খতিয়ে দেখছি।

কোটচাঁদপুরে পুলিশের বাধায় বিএনপির ইউনিয়ন পদযাত্রা পন্ড

বিএনপির কেন্দ্রীয় ঘোষিত ইউনিয়ন পদ যাত্রা কর্মসুচী পালন করেছেন

কোটচাঁদপুর বিএনপি।

শনিবার বিকেল ৩ টার সময় এ কমর্সুচী পালন করেন দলটি। পদযাত্রায় পুলিশ বাধা দিয়েছেন এমন অভিযোগ নেতা-কর্মীদের।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,বিএনপির কেন্দ্রীয় ঘোষিত কর্মসুচীর অংশ হিসেবে কোটচাঁদপুরেও বিএনপি ইউনিয়ন পদযাত্রা কর্মসুচীর আয়োজন করেন। এরমধ্যে কোটচাঁদপুরের সাবদারপুর ইউনিয়নের পদযাত্রায় নেতৃত্ব দেন পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাহউদ্দীন বুলবুল সিডল,দোড়া ইউনিয়নে নেতৃত্ব দেন জেলা বিএনপির যুগ্ন সম্পাদক ও সাবেক কাউন্সিলর ফারুক হোসেন খোকন,কুশনায় ছিলেন বিএনপির তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল,বলুহরে ছিলেন জেলা বিএনপির সহসভাপতি আবুবক্কর বিশ্বাস ও এলাঙ্গীর পদযাত্রায় ছিলেন,উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক চেয়ারম্যান আব্দুর রাজ্জাক।

এ কর্মসুচী সফল করতে প্রতিটি ইউনিয়নে নির্ধারিত স্থানে দলীয় নেতা-কর্মীরা জড়ো হতে থাকেন। এরপর বিকেল ৩ টার সময় শুরু হয় ইউনিয়ন পদযাত্রা। এ সময় পুলিশের বাধায় পন্ড হয় পদযাত্রা। পরে নেতা-কর্মীরা সংক্ষিপ্ত সমাবেশ করে কর্মসুচী শেষ করেন।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাহউদ্দীন বুলবুল সিডল বলেন,নেতা-কর্মীরা পদযাত্রা কর্মসুচী পালনের জন্য জড়ো হয়। এরপর পদযাত্রা শুরু হয়। নেতা-কর্মীরা কিছু দুর যাবার পর পুলিশের বাধার মুখে পড়েন। পরে ওখানেই সমাবেশ করে কর্মসুচী শেষ করা হয়।

একই কথা বলেন, জেলা বিএনপির যুগ্ন সম্পাদক ও সাবেক কাউন্সিলর ফারুক হোসেন খোকন। তিনি বলেন,আওয়ামীলীগরা দলীয় মিছিল নিয়ে ইউনিয়নে শান্তি সমাবেশ যোগ দিলে সমস্যা নাই। আমরা নেতা-কর্মীদের নিয়ে শান্তি পূর্ণ পদযাত্রা কর্মসুচী পালন করছিলাম। সেখানে পুলিশ বাধা দিয়েছেন। পন্ড করেছেন পদযাত্রা কর্মসুচী।

তবে এলাঙ্গী ইউনিয়নে পদযাত্রা সফল হয়েছে বলে দাবি করেছেন উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক। তিনি বলেন, আমরা ইউনিয়নে লিফলেট বিতরন করেছি। এরপর পদযাত্রা কর্মসুচীও পালন করেছি। এ ইউনিয়নে পদযাত্রা কর্মসুচী সফল হয়েছে। পদযাত্রা শেষে ফাজিলপুর বাজারে সংক্ষিপ্ত আলোচনা শেষে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

হরিণাকুণ্ডুতে বিএনপি’র পদযাত্রা কর্মসূচিতে পুলিশের বাধা

বেগম খালেদা জিয়াসহ সকল রজবন্দিদের মুক্তি, সরকারের দমন-পীড়ন, সন্ত্রাস নির্যাতনের বিরুদ্ধে বিদুৎ, গ্যাস ও নিত্যপণ্যের মূল্য কমানোসহ ১০দফা দাবিতে বিএনপি’র কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে হরিণাকুণ্ডুতে বিএনপি উদ্যোগে বিভিন্ন ইউনিয়নে পদযাত্রা কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১১ ফেব্রুয়ারী) বিকাল ৩টায় উপজেলার ৮টি ইউনিয়নে একযোগে এই কর্মসূচী শুরু হয়। পদযাত্রা কর্মসূচী পালন কালে উপজেলার ৬নং ফলসী ইউনিয়নের কুলবাড়ীয়া বাজারে এবং ৭নং রঘুনাথপুর ইউনিয়নের চরপাড়া বাজারে পুলিশের বাধার সম্মুখীন হয়। পরে সমাবেশ সংক্ষিপ্ত করে পদযাত্রা শেষ করতে হয়েছে।

এছাড়া ভায়না ও জোড়াদহ ইউনিয়নে বিএনপির শান্তিপূর্ণ পদযাত্রায় আওয়ামী লীগ হামলা করে করেছে বলে জানান উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক তাইজাল হোসেন। তিনি আরও বলেন জোড়াদহ ও জটারখাল বাজারে বিএনপির পদযাত্রা কালে আওয়ামী লীগের হামলায় উপজেলার তৈলটুপি গ্রামের মওলা বকশো ও জহুরুল ইসলাম গুরতর আহত হয়। এত বাধার মুখেও অন্যান্য ইউনিয়নে বিএনপির সংক্ষিপ্ত পদযাত্রা অনুষ্ঠিত হয়েছে বলে তাইজাল হোসেন বিএনপির তৃনমুলের নেতাকর্মীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেণ।

পদযাত্রা সফল করতে ভায়না ইউনিয়নের দায়িত্বে ছিলেন উপজেলা বিএনপির সভাপতি আবুল হাসান মাস্টার, জোড়াদহ ইউনিয়নে জেলা বিএনপির সদস্য আফাঙ্গীর বিশ্বাস, ফলসী ইউনিয়নে উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক তাইজাল হোসেন, তাহেরহুদা জেলা বিএনপির নেতা আব্দুল মমিনসহ বিভিন্ন ইউনিয়নের বিএনপি, যুবদল, ছাত্রদল, কৃষকদল এই কর্মসূচী বাস্তবায়নে অংশ গ্রহন করে।

ট্র্যাক্টরের ধাক্কায় মটর সাইকেল আরোহী কৃষি কর্মকর্তা নিহত

ট্র্যাক্টরের ধাক্কায় মটর সাইকেল আরোহী উপসহকারী কৃষি কর্মকর্তা লতিফুর কবিরের মৃত্যু হয়েছে। শুক্রবার সকালে ঘটনাটি ঘটেছে কোটচাঁদপুর-ফুলবাড়ি সড়কে।

উপজেলা কৃষি কর্মকর্তা মহাসিন আলী বলেন,অফিসের কাজ শেষ করে মটর সাইকেল যোগে বাড়ি ফিরছিলেন। পথিমধ্যে কোটচাঁদপুরের ফুলবাড়ি নামকস্থানে পৌছালে পিছন দিক ট্র্যাক্টর ধাক্কা দেয়। এতে করে গুরুত্বর আহত হন উপসহকারী কৃষি কর্মকর্তা লতিফুর কবির। এ সময় স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন। স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক তাকে দেখে মৃত বলে ঘোষণা দেন।

লতিফুর কবির ঝিনাইদহের বাথপুকুরিয়া গ্রামের মৃত মেহের আলী শেখের ছেলে। তিনি কোটচাঁদপুর উপজেলা কৃষি অফিসের উপসহকারী কর্মকর্তা হিসেবে কর্মরত ছিলেন।

ঘটনার পর ট্র্যাক্টর ড্রাইভার ট্র্যাক্টর রেখে পালিয়েছেন। তবে পুলিশ ওই ইট বোঝায় ট্র্যাক্টরটি জব্দ করেছেন বলে জানা গেছে। বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মঈন উদ্দিন বলেন,ঘটনাটি সড়ক দুর্ঘটনায় ঘটেছে। এ কারনে মৃত দেহের ময়না তদন্ত করা হবে না। আমরা তাদের স্বজনদের কাছে মৃত দেহ হস্তান্তর করা হবে।

বিনা টাকায় পুলিশে চাকরি–পুলিশ সুপার মোহাম্মদ আশিকুর রহমান

চাকরি নয় সেবা’ শ্লোগানে স্মার্ট পুলিশ তৈরি করতে মেধাবী ও যোগ্য প্রার্থীদের বাছাই করা হবে। পুলিশের চাকরি পেতে টাকা-পয়সা লাগে না। সন্তানের চাকরির জন্য অভিভাবকদের জমিজমা বিক্রি করতে হবে না। কারো কোন তদবিরও লাগবে না। মাত্র ১২০ টাকায় কনস্টেবল পদে পুলিশে চাকরি দেওয়া হবে। এর মধ্যে ১০০ টাকার ব্যাংক ড্রাফট এবং ২০ টাকার ফরম কিনেই হবে যোগ্য প্রার্থীর চাকরি।

এ কথা বলেছেন ঝিনাইদহ জেলা পুলিশ সুপার মোহাম্মদ আশিকুর রহমান বিপিএম পিপিএম(বার)।

তিনি বলেন, আগামী ২ মার্চ(বৃহস্পতিবার) ঝিনাইদহ পুলিশ লাইনস মাঠে কনস্টেবল পদে লোক নিয়োগ হবে। নিয়োগের সময় অনেকে প্রতারণার শিকার হন। চাকরির জন্য দালাল ধরেন। অনেক সময় দেখা যায় চাকরি দেওয়ার কথা বলে দালালেরা ১০জন প্রার্থীর কাছ থেকে টাকা গ্রহণ করে। তাদের মধ্যে যোগ্যতার ভিত্তিতে এক/দুইজনের চাকরি হয়ে যায়। তখন দালালেরা চাকরি দিয়েছে বলে দাবি করে এবং চুক্তিকৃত টাকা আদায় করে। এ ধরনের প্রতারণার বিষয়ে সচেতন করতে সকলের সহযোগিতা কামনা করেছেন পুলিশ সুপার মোহাম্মদ আশিকুর রহমান।

সবার প্রতি অনুরোধ জানিয়ে পুলিশ সুপার বলেন, বিনা টাকায় পুলিশে নিয়োগের এই বার্তা আপনারা জেলার সব জায়গায় পৌঁছে দেবেন। সরকারি বিধিবিধান অনুযায়ী লাইনে দাঁড়াবেন। কেবল শারীরিক ভাবে যোগ্য,লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণরাই মেধার ভিত্তিতে চাকরি পাবে। এজন্য ঘুষ ও কোন প্রকার তদবির লাগবে না। যদি কেউ কোথাও চাকরির জন্য টাকা দাবি করে তাকে পুলিশে ধরিয়ে দিন।

ইমো হ্যাকারের কবলে প্রবাসির ভাই সজিব, খোয়ালেন ১৬ হাজার টাকা

ইমো হ্যাকারের কবলে পড়ে ১৬ হাজার টাকা খোয়ালেন প্রবাসির ভাই সজিব। বুধবার দুপুরে এ ঘটনা ঘটেছে কোটচাঁদপুরের রুদ্রপুর গ্রামে।

প্রবাসির ভাই সজিব হোসেন বলেন,আমার ভাই রাজিব হোসেন মালেশিয়া প্রবাসি। সে প্রতি মাসেই টাকা পাঠান বাড়িতে। বুধবার দুপুরে হঠাৎ করে ইমো নাম্বারে কল আসে। এরপর বিপদের কথা বলে ১৬ হাজার টাকা চান। আমি তাৎক্ষণিক ভাবে পাশের বিকাশের মাধ্যমে টাকা পাঠি দিই। এরপর আবারও ১৪ হাজার টাকা চান। এ সময় আমি ভাই ম্যাসেনজারে কল করি। এরপর জানতে পারি হ্যাকারের পাল্লায় পড়েছি।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানায় অভিযোগ করেছেন প্রবাসির ভাই সজিব হোসেন ।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) জাহিদ হোসেন বলেন, সজিব হোসেন ওই সংক্রান্ত একটা অভিযোগ করেছেন।

কোটচাঁদপুরে উপজেলা ও পৌর বিএনপির প্রস্তুতি মূলক সভা অনুষ্ঠিত

কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে তেল,গ্যাস বিদ্যুৎ সহ দ্রব্য মূল্যের উর্ধগতি ও যুগপৎ আন্দোলনের কর্মসূচির অংশ হিসেবে আগামী ১১ ফেব্রুয়ারি ইউনিয়ন পথযাত্রা উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে মেইন বাসস্ট্যান্ড উপজেলা বিএনপি দলিও কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে ও জেলা বিএনপির শিশু বিষয়ক সম্পাদক ফারুকুল আলম শেখার সঞ্চালনায়।

প্রস্তুতি মূলক সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহ-সভাপতি আবুবকর বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক পৌর মেয়র ও পৌর বিএনপির সভাপতি এস কে এম সালাউদ্দিন বুলবুল সিডল,উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত আলী, জেলা বিএনপির যুগ্মসাধারণ সম্পাদক ফারুক হোসেন খোকন, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম,উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক হারুন আর রশিদ, সাবেক উপজেলা বিএনপির সভাপতি নুরুজ্জামান, সাবেক সাধারন সম্পাদক ফারুক হোসেন, জেলা সহ-সাংগঠনিক সম্পাদক সাইদুর রহমান, পৌর বিএনপির সহ-সভাপতি শাহরিয়ার রহমান মামুন, সাফদারপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ফরিদ উদ্দিন, দোড়া ইউনিয়ন বিএনপির সভাপতি শরিফুল ইসলাম সান্টু,বলুহর ইউনিয়ন বিএনপির সভাপতি আশরাফ আলী, কুশনা ইউনিয়ন বিএনপির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আক্তার হোসেন, এলাঙ্গী ইউনিয়ন বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান একরামুল হক প্রমুখ। এ সময় বক্তারা পথযাত্রা উপলক্ষে বিভিন্ন দিকনির্দেশনা মূলক বক্তব্য রাখেন।

সে সময় উপস্থিত ছিলেন উপজেলা ও পৌর বিএনপি, যুবদল, ছাত্র দল, সেচ্ছাসেবক দল, কৃষক দল, শ্রমিক দল সহ সকল অঙ্গ সংগঠনে নেতা কর্মী বৃন্দ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে স্ত্রী হত্যার দায়ে স্বামীর যাবজ্জীবন

ঝিনাইদহের হরিণাকুন্ডুতে তালাকপ্রাপ্ত স্ত্রীকে পিটিয়ে ও শ্বাসরোধ করে হত্যা মামলায় সাবেক স্বামীকে যাবজ্জীবন কারাদণ্ড

দিয়েছে আদালত।

মঙ্গলবার দুপুরে ঝিনাইদহের অতিরিক্ত জেলা ও দায়রা জজ ১ম আদালতের বিচারক মো. বাহাউদ্দিন আহম্মেদ এ দণ্ডাদেশ প্রদাণ করেন।

মামলার বিবরণে জানা যায়, ২০১৬ সালের ২২ এপ্রিল সন্ধ্যা সাড়ে ৭ টার সময় হরিণাকুন্ডু উপজেলার বৃত্তিরপোল গ্রামের লিপা খাতুনকে মুখে আঘাত ও শ্বাসরোধ করে হত্যা করে তার সাবেক স্বামী একই গ্রামের ঠান্ডু মন্ডল। এ ঘটনায় ওইদিন রাতে হরিণাকুন্ডু থানায় ঠান্ডুকে প্রধান আসামি করে ৩ জনের নাম উল্লেখসহ অজ্ঞাত আরও ২/৩ জনকে আসামি করে মামলা দায়ের করে লিপার পিতা ফজলু মন্ডল।

তদন্ত শেষে ২০১৭ সালের ১৯ নভেম্বর ৩ জনকে অভিযুক্ত করে আদালতে তদন্ত প্রতিবেদক জমা দেয় পিবিআই। দীর্ঘ বিচারিক প্রক্রিয়া শেষে মঙ্গলবার প্রধান আসামি ঠান্ডুকে যাবজ্জীবন কারাদণ্ড ও ৫ হাজার টাকার জরিমানা অনাদায়ে আরও ৫ মাসের বিনাশ্রম কারাদণ্ডের আদেশ দেয় বিচারক। মামলার অপর দুই আসামিকে খালাস দেওয়া হয়েছে।